

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর  
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়  
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)  
[www.ddm.gov.bd](http://www.ddm.gov.bd)  
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৯৩

তারিখ: ১৭ চৈত্র ১৪২৭  
৩১ মার্চ ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেতঃ সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

আজ ৩১ মার্চ ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯টা থেকে সন্ধ্যা ০৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

রংপুর, টাংগাইল, ময়মনসিংহ, কুমিল্লা, এবং সিলেট অঞ্চল সমূহের উপর দিয়ে উত্তর/উত্তর-পশ্চিম দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩১ মার্চ ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপ্টিক অবস্থাঃ লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে।

পূর্বাভাসঃ যশোর ও কুষ্টিয়া অঞ্চলসহ সিলেট বিভাগের কিছু কিছু জায়গায় এবং রাজশাহী, রংপুর, ময়মনসিংহ, ঢাকা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের দু'এক জায়গায় অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে। এছাড়া দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানতঃ শুষ্ক থাকতে পারে।

তাপ প্রবাহঃ গোপালগঞ্জ, রাজশাহী ও পাবনা অঞ্চলসহ খুলনা বিভাগের উপর দিয়ে মৃদু তাপ প্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিনের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে। দেশের পশ্চিমাঞ্চলে রাতের তাপমাত্রা সামান্য হ্রাস পেতে পারে এবং অন্যত্র তা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (২ দিন): সামান্য পরিবর্তন হতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৬.১	২৭.৪	৩৪.৫	৩০.৫	৩৬.৬	২৯.৯	৩৭.৬	৩৫.২
সর্বনিম্ন তাপমাত্রা	২১.৮	২১.৪	২৩.৫	১৯.১	২১.০	১৯.৫	২৫.৭	২৬.৭

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৭.৬° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা শ্রীমঙ্গল ১৯.১° সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ২৯ মার্চ, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ৩০ মার্চ, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ২৬ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডের নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৮	০	০
২।	ময়মনসিংহ	১	০	০
৩।	বরিশাল	১	০	০
৪।	সিলেট	৩	০	০
৫।	রাজশাহী	২	০	০
৬।	রংপুর	৩	০	০
৭।	চট্টগ্রাম	৫	০	০
৮।	খুলনা	৩	০	০
	<b>মোট</b>	<b>২৬</b>	<b>০</b>	<b>০</b>

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন কর্মসূচির আওতায় বরাদ্দের বিবরণঃ

ভিজিএফ (আর্থিক) সহায়তাঃ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক ৩১/০৩/২০২১খ্রিঃ তারিখে ২০২০-২০২১ অর্থ বছরে পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২১ উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় সারা দেশে ৬৪টি জেলার ৪৯২টি উপজেলার জন্য ৮৭,৭৯,২০৩ টি এবং ক, খ ও গ ক্যাটাগরীর ৩২৮টি পৌরসভার জন্য ১২,৩০,৭৪৬টি সর্বমোট ১,০০,০৯,৯৪৯টি ভিজিএফ কার্ডের বিপরীতে অতিদরিদ্র ও অসহায় দুঃস্থ পরিবারের জন্য পরিবার প্রতি ১০ (দশ) কেজি চালের সমমূল্য কার্ড প্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা হারে আর্থিক সহায়তার লক্ষ্যে ৪৯২টি উপজেলার জন্য ৩৯৫,০৬,৪১,৩৫০/- টাকা এবং ৩২৮টি পৌরসভার জন্য ৫৫,৩৮,৩৫,৭০০/- টাকাসহ সর্বমোট ৪৫০,৪৪,৭৭,০৫০/- টাকার আর্থিক মঞ্জুরী প্রদান করা হয়েছে।

৩১-৩-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.৯৩/১(১৭০)

তারিখ: ১৭ চৈত্র ১৪২৭

৩১ মার্চ ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৮) বিভাগীয় কমিশনার (সকল)
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)



৩১-৩-২০২১

কামরুন নাহার  
ভারপ্রাপ্ত কর্মকর্তা